কীভাবে টেকশপবিডি থেকে কেনাকাটা করবেন?

টেকশপবিডিতে আপনাকে স্বাগতম। এই বইটিতে টেকশপবিডি থেকে কেনাকাটা করার সব নিয়ম-কানুন দেওয়া হল। বইটি পড়লে টেকশপবিডিতে অ্যাকাউন্ট খোলা,অর্ডার, ডেলিভারি এবং টাকা পরিশোধ সংক্রান্ত সব প্রশ্নের উত্তর জানা যাবে।

ক) অ্যাকাউন্ট খুলবেন কীভাবে?:

আপনি যদি টেকশপবিডি থেকে কিছু কিনতে চান তাহলে আপনাকে আমাদের ওয়েবসাইটে একটি অ্যাকাউন্ট খুলতে হবে। অ্যাকাউন্ট খুলতে কোনো টাকা লাগে না। অ্যাকাউন্টটির সাহায্যে আপনি টেকশপবিডিতে অর্ডার দিতে পারবেন। মনে রাখতে হবে, আমরা শুধুমাত্র আমাদের ওয়েবসাইটের মাধ্যমেই অর্ডার গ্রহন করি। মেইল, ফোন, ফেসবুকের মাধ্যমে কিংবা সরাসরি কোনো অর্ডার গ্রহন করা হয় না।

অ্যাকাউন্ট খোলার বিভিন্ন ধাপ :

ধাপ ১: www.techshopbd.com ওয়েবসাইটে ভিজিট করুন। হোম পেইজের ডান দিকের কোনায় **'Login/register'** লেখা দেখতে পাবেন।

ধাপ ২: 'Login/Register' ক্লিক করলে নিচের ডায়ালগ বক্সটি দেখতে পাবেন। যাদের ইতোমধ্যে অ্যাকাউন্ট খোলা আছে তাদের ইউজার নেম এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে। অ্যাকাউন্ট না থাকলে-

'Register Here' এ ক্লিক করে অ্যাকাউন্ট খুলতে হবে।



ধাপ ৩: ‘Register Here’, এ ক্লিক করলে নিচের উইন্ডোটি ওপেন হবে। ফর্মটি পূরন করুন * চিহ্নিত ঘরগুলো অবশ্যই পূরণ করতে হবে।



ধাপ ৪: ফর্মের নিচে এরকম একটি প্রশ্ন দেখতে পাবেন। ভয়ের কিছু নেই। আপনি যে একজন মানুষ তা নিশ্চিত করার জন্যই প্রশ্নটি রাখা হয়েছে। সঠিক উত্তর টাইপ করে **‘Register’** এ ক্লিক করুন।



ধাপ ৫: ফর্মটি সাবমিট করার পর আপনার প্রদত্ত ই-মেইল আইডিতে একটি ই-মেইল যাবে। আপনার অ্যাকাউন্টটি সচল করতে ঐ মেইলটিতে বর্ণিত নিয়মকানুন অনুসরণ করুন।

খ)কীভাবে অর্ডার করবেন?:

ধাপ ১: অ্যাকাউন্ট সচল করার পর আপনার ইউজার নেম অথবা ই-মেইল আইডি এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।



ধাপ ২: লগইন করার পর পেইজের উপরের ডানকোনার অংশটি নিচের মত দেখা যাবে।

ধাপ ৩: আসুন, এবার দেখি কীভাবে অর্ডার করতে হয়। ধরা যাক আপনি ৬ ভোল্টের মোটর অর্ডার করতে চান। সার্চ বক্সে আপনার কাংখিত পণ্যটির নাম টাইপ করুন এবং প্রোডাক্টটির পেইজে যান।

ধাপ ৪: প্রোডাক্ট পেইজে যাবার পর **‘Add to cart’** এ ক্লিক করুন. বাই ডিফল্ট প্রোডাক্টের পরিমাণ ‘1’। আপনি চাইলে তা পরিবর্তন করতে পারেন।

‘Add to cart’ করার পর নিচের সবুজ মেসেজটি দেখাবে।

আপনার শপিং কার্টটি পরিবর্তিত হয়ে পেইজের সবচেয়ে ডানদিকের কোনায় নিচের ছবিটির মতো দেখাবে। অর্ডার করতে **‘checkout now’** তে ক্লিক করুন।

ধাপ ৫: ‘checkout now’ তে ক্লিক করার পর নিচের পেইজটি দেখা যাবে। **সবুজ কালি দিয়ে চিহ্নিত অংশে** ক্লিক করলে আপনি প্রোডাক্টের সংখ্যা পরিবর্তন করতে পারবেন। কোনো প্রোডাক্ট লিস্ট থেকে বাদ দিতে চাইলে ডানদিকের ক্রস চিহ্নের উপর ক্লিক করুন। যদি মনে করেন আরও কিছু কিনবেন তাহলে **‘Continue shopping’** এ ক্লিক করুন।

ধরা যাক আপনি আরও কিছু প্রোডাক্ট কিনতে চাইছেন। আরও কয়েকটি প্রোডাক্ট যোগ করার পর পুরো শপিং কার্টটি নিচের মতো দেখাচ্ছে। যদি আর কিছু কেনার না থাকে তাহলে **‘Checkout’** এ ক্লিক করুন।

ধাপ ৬:

গ) ডেলিভারি এবং পেমেন্ট:

'Checkout' এ ক্লিক করার পর, আপনার নাম এবং প্রোডাক্ট পাঠানোর ঠিকানা পেইজের উপরের দিকে দেখা যাবে এবং আপনাকে ডেলিভারি এবং পেমেন্ট মেথড সিলেক্ট করতে বলা হবে।

আমরা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আমাদের প্রোডাক্ট ডেলিভারি করে থাকি। এখনও পর্যন্ত আমাদের সেবাসমূহ শুধুমাত্র বাংলাদেশের মধ্যেই সীমাবদ্ধ। ডেলিভারি চার্জ সমগ্র বাংলাদেশে একই।

আমাদের Shipping policy অনুযায়ী সাধারন কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রোডাক্ট পৌছাতে ১-৫ কার্যদিবস সময় লাগতে পারে। এক্ষেত্রে আপনাকে শিপিং এবং হ্যান্ডলিং মিলিয়ে মোট ৫৫ টাকা ডেলিভারি চার্জ পরিশোধ করতে হবে। ঢাকার মধ্যে আপনি চাইলে Express delivery অর্থ্যাৎ, অর্ডার করার **২৪ ঘণ্টার মধ্যে** ডেলিভারি পেতে পারেন। এক্ষেত্রে কিছু শর্ত প্রযোজ্য। এই সার্ভিসটির বিনিময়ে আপনাকে শিপিং এবং হ্যান্ডলিং মিলিয়ে মোট ১১৫ টাকা ডেলিভারি চার্জ পরিশোধ করতে হবে।

পণ্য হাতে পেয়ে আপনি হাতে হাতেই টাকা পরিশোধ করতে পারেন। এর জন্য আপনাকে-
'Cash on Delivery' পেমেন্ট মেথডটি সিলেক্ট করতে হবে। বিকাশের মাধ্যমেও পেমেন্ট দেওয়া যাবে। বিস্তারিত জানতে এখানে ক্লিক করুন।

ডেলিভারি এবং পেমেন্ট মেথড সিলেক্ট করার সময় কিছু ব্যপার মাথায় রাখতে হবে:

আপনি যে পেমেন্ট মেথডই সিলেক্ট করুন না কেন, আপনার ঠিকানা যদি ঢাকা শহরের মধ্যে হয় তাহলে সরাসরি আপনার ঠিকানায় অর্ডার পৌছে যাবে।

আপনি যদি কোনো জেলা শহরে বসবাস করেন , সেক্ষেত্রে হোম ডেলিভারির জন্য আপনাকে 'বিকাশ' পেমেন্ট মেথড সিলেক্ট করতে হবে।যদি 'Cash on Delivery' সিলেক্ট করেন তাহলে আপনার নিকটস্থ সুন্দরবন কুরিয়ার সার্ভিস কাউন্টারে গিয়ে আপনাকে আপনার অর্ডার নিয়ে আসতে হবে।

যদি আপনি কোনো থানা শহরে বসবাস করেন তাহলে আপনার এলাকার কোনো কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আমাদের প্রোডাক্ট পেতে পারেন। আমাদের পাঠানো প্রোডাক্ট আপনাকে কুরিয়ার সার্ভিসের অফিস থেকে সংগ্রহ করে নিতে হবে। **মনে রাখবেন, থানা শহরগুলোতে আমাদের সেবা পেতে হলে আপনাকে শুধুমাত্র 'বিকাশ' এর মাধ্যমে পেমেন্ট করতে হবে।**

শিপিং এবং পেমেন্ট মেথড সিলেক্ট করার পর ‘Continue Checkout’-এ ক্লিক করুন। যদি শপিং কার্টে কোনোপ্রকার পরিবর্তন করতে চান তাহলে ‘Edit Shopping Cart’ এ ক্লিক করুন ।



ধাপ ৭: ‘Continue Checkout’ এ ক্লিক করার পর আপনার প্রোডাক্টের দামের সাথে ডেলিভারি চার্জ যুক্ত হবে এবং এবং আপনি আপনার ফাইনাল বিল দেখতে পাবেন। আপনি চাইলে এখনও ‘Edit Shopping Cart’ এ ক্লিক করে আপনার অর্ডার এডিট করতে পারেন। অর্ডার দেবার জন্য ‘Place order’ এ ক্লিক করুন।



কুপন কোড: আমরা প্রায়ই আমাদের quiz contest এবং আমাদের সৌজন্যে আয়োজিত প্রতিযোগীতাগুলোর বিজয়ীদের পুরস্কার হিসেবে গিফট কুপন দিয়ে থাকি। আপনার কাছে যদি এরকম কোনো কুপন থাকে তাহলে ‘Coupon Code Here’ লেখা বক্সটিতে আপনার কুপন কোডটি টাইপ করুন। যদি কোনো কুপন না থাকে তাহলে এখানে কিছুই লেখার প্রয়োজন নেই।

ধাপ ৮: অর্ডার সম্পন্ন করার নিচের মেসেজটি দেখা যাবে এবং আপনি আপনার মোবাইলে একটি কনফারমেশন মেসেজ পাবেন।



বিকাশ এর মাধ্যমে বিল পরিশোধের নিয়ম:

যদি বিকাশের মাধ্যমের পেমেন্ট করতে চান তাহলে নিচের ধাপগুলো অনুররণ করুন।

- **01841300401** নম্বরে বিকাশের মাধ্যমে বিল পরিশোধ করুন। (আপনার নিজের কোনো বিকাশ অ্যাকাউন্ট না থাকলে এজেন্টের সাহায্য নিন, তবে যে অ্যাকাউন্ট থেকে পেমেন্ট করবেন সেটি অবশ্যই পার্সোনাল অ্যাকাউন্ট হতে হবে) ।
- ***247#** নম্বরে ডায়াল করার পর **"payment"** অপশন সিলেক্ট করুন। (অথবা এজেন্টকে বলুন টাকা পাঠাতে payment অপশন সিলেক্ট করতে) ।
- কাউন্টার নাম্বারের জায়গায় ‘১’ এবং রেফারেন্স নাম্বারের জায়গায় আপনার অর্ডার আইডি দিতে হবে।
- টাকা পাঠানো সম্পন্ন হবার পর **Transaction ID** টি নোট করুন। (যদি এজেন্টের মাধ্যমে পেমেন্ট করেন তাহলে তাঁর কাছ থেকে আইডিটি বুঝে নিন) ।
- এবার টেকশপে লগ ইন করে ‘My account’ এ গিয়ে ‘Recent order’ নামক লিস্ট থেকে আপনার অর্ডার নাম্বারটির নিচে ক্লিক করে অর্ডারটি ওপেন করুন।
- এবার **"Update bkash Transaction Id"** লেখা স্থানে আপনার Transaction ID টি প্রবেশ করান এবং Submit- এ ক্লিক করুন।

ঘ) অর্ডার স্ট্যাটাস এবং অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্য:

আপনার অর্ডারের স্ট্যাটাস জানতে **‘My Account’** এ যান।

Account Dashboard এ আপনার সাম্প্রতিক অর্ডারগুলো দেখতে পাবেন। যেমন নিচের ছবিটিতে অর্ডার নাম্বার 108431 এর স্ট্যাটাস হল ‘Processing’।



পুরোনো অর্ডারগুলো দেখতে চাইলে **‘My orders’** এ যান।

ঙ) Order Status Information:

অর্ডার প্লেস করার পর সেটি কয়েকটি ধাপে সম্পন্ন হয়। যেমনঃ

1. **Processing**- অর্থ্যাৎ আমরা আপনার অর্ডার পেয়েছি।
2. **Packaging**- আপনার অর্ডারটি পাঠানোর প্রস্তুতি চলছে।
3. **Verified**- আপনাকে ফোন বা মেইল করে অর্ডারটি নিশ্চিত করা হয়েছে।
4. **Shipped**- আপনার অর্ডারটি আমাদের অফিস থেকে পাঠানো হয়ে গেছে।
5. **Hold**- আপনাকে ফোন করে পাওয়া যায়নি।অতি শীঘ্রই আমাদের সাথে যোগাযোগ করুন।
6. **Complete**- আপনার অর্ডারটি আপনার হাতে পৌছে গেছে এবং আপনি তার মূল্য পরিশোধ করেছেন।
7. **Other**- সাধারনত কোনো অর্ডার এই স্ট্যাটাসে থাকে না। যদি আপনার অর্ডার এই স্ট্যাটাসে থাকে তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন।

চ) অর্ডার ক্যান্সেল করা :

অর্ডার শুধুমাত্র ‘Processing’, ‘Verified ‘, ‘Packaging ‘কিংবা ‘Hold’ অবস্থাতে থাকলেই ক্যান্সেল করা সম্ভব। যদি আপনার অর্ডার এই চারটি স্ট্যাটাসের যেকোন একটিতে থাকে এবং আপনি সেটি ক্যান্সেল করতে চান তাহলে 01841110110 অথবা 01841112112 এ কল করুন। এই নাম্বারগুলো আমাদের কার্যদিবসগুলোতে সকাল নয়টা থেকে সন্ধ্যা ছয়টা পর্যন্ত খোলা থাকে। যদি আপনার কল আমরা ধরতে না পারি তাহলে মেসেজ দিয়ে রাখতে পারেন। ঝামেলা এড়াতে 'Place Order' ক্লিক করার আগে আপনার শপিং কার্ট এবং অন্যান্য সবকিছু ভালোমতো চেক করে নিন।

যেকোনো সমস্যা বা জিজ্ঞাসার জন্য নিচের আইডিতে মেইল করুন।
customerservice@techshopbd.com

আপনাকে সহযোগীতা করার সর্বাত্মক চেষ্টায় আমরা নিবেদিত।
আপনার শপিং এবং এক্সপেরিমেন্ট শুভ হোক।